

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১১৭

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫০২৯/২০১৭ এর ১১.১১.২০১৮ তারিখের রায়ের আলোকে প্রতিষ্ঠানের স্তর পরিবর্তন (নিম্ন মাধ্যমিক হতে উচ্চ বিদ্যালয়) এবং শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন "জাতস দুর্গাপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের" স্তর পরিবর্তন (নিম্ন মাধ্যমিক হতে উচ্চ বিদ্যালয়) ও শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ প্রদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫০২৯/২০১৭ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৫০২৯/২০১৭ মামলায় গত ১১/১১/২০১৮ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন:

“Accordingly, the Rule is made absolute without any order as to costs and the impugned Memo No. Sha4/1G-7/2000/85-shikka dated 21.05.2002 (annexure-E the writ Petition) issued under the signature of the respondent No. 3 cancelling the inclusion of the M.P.O benefits so far its related to the petitioner school is hereby declared without lawful authority and is of no legal effect and the respondents also directed to include the petitioner school in the list of M.P.O scheme of the Government as per Memo No. Sha4/1G-7/2000/85-shikka dated 18.04.2002 after considering its aspect as High school level within 60 (Sixty) days from the date of receipt of this judgment and order without any fail”.

ইতোপূর্বে এ বিভাগ হতে রিট পিটিশন নং-৫০২৯/২০১৭ মামলাটি পরিচালনার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পত্র দেয়া হয়েছে। মামলাটি রায় পিটিশনারের পক্ষে নিষ্পত্তি হয়। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে আপিলে প্রেরণ করা হয়েছে।

মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫০২৯/২০১৭ এর ১১.১১.২০১৮ তারিখের রায়ের আলোকে প্রতিষ্ঠানের স্তর পরিবর্তন (নিম্ন মাধ্যমিক হতে উচ্চ বিদ্যালয়) এবং শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদানের জন্য যথাক্রমে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)/মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর গত ১১.০৯.২০১৯, ০২.০৩.২০২০ ও ২৪.০৮.২০২০খ্রি. তারিখে আবেদন করেন।

এমতাবস্থায়, আবেদনকারীর ১১.০৯.২০১৯, ০২.০৩.২০২০ ও ২৪.০৮.২০২০খ্রি. তারিখের আবেদন এবং মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫০২৯/২০১৭ এর ১১.১১.২০১৮ তারিখের রায়ের আলোকে প্রতিষ্ঠানের স্তর পরিবর্তন (নিম্ন মাধ্যমিক হতে উচ্চ বিদ্যালয়) এবং শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদানের বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা এ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

উপসচিব

বেসরকারি মাধ্যমিক-৩ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১১৭/১(৪)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব